**ASHVANI Kolkata**
**Regional News Unit**

**Date : 13-05-2026** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Edit.& Compile : Sreyashi R./ Subhra C.**
**DEO : KB** **NRT : Subhra C.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্য বিধানসভায় আজ এবং আগামীকাল নবনির্বাচিত বিধায়করা, শপথ নেবেন।

২/ রাজ্যে পালাবদলের পর আইনশৃঙ্খলা এবং পুরনো রাজনৈতিক হিংসার মামলাগুলি নিয়ে কড়া অবস্থান নেওয়ার নির্দেশিকা জারি হয়েছে।

৩/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, নবান্ন সভাঘরে আজ রাজ্যের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা বিষয়ে ৪১ টি দপ্তরের সচিবদের সঙ্গে বৈঠকে বসবেন।

৪/ নিট ইউজি-২০২৬ –এর প্রশ্নফাঁস কাণ্ডের তদন্তে, রাজস্থান পুলিশের বিশেষ তদন্তকারী দল সন্দেহভাজন ১৫ জনকে আটক করেছে।

৫/ মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বসু প্রয়াত।

৭/ IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে।

***********************************************************************

রাজ্য বিধানসভায় আজ এবং আগামীকাল নবনির্বাচিত বিধায়করা, শপথ নেবেন।

প্রথমার্ধে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং অন্য মন্ত্রীরা বিধায়ক পদে শপথগ্রহণ গ্রহণ করবেন। উত্তরবঙ্গ ও মুর্শিদাবাদের জয়ী প্রার্থীরাও ওই পর্বেই শপথ নেবেন। দ্বিতীয়ার্ধে শপথ নেবেন নদিয়া এবং দুই ২৪ পরগনার বিধায়করা।

আগামীকাল প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রামের জয়ী প্রার্থীদের শপথগ্রহণ হবে। দ্বিতীয়ার্ধে শপথ নেবেন পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান এবং বীরভূমের জয়ী বিধায়করা।

**১৫'ই মে, শুক্রবার** বিধানসভার স্পিকার নির্বাচন হওয়ার কথা। বিধানসভা সূত্রে খবর, তাপস রায়কেই অধ্যক্ষ পদে শাসক দলের তরফে প্রার্থী করা হতে পারে।

গতকাল, প্রোটেম স্পিকার পদে মানিকতলার বিধায়ক তাপস রায় শপথ নেন। লোক ভবনে তাঁকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ রাজ্য মন্ত্রিসভার অন্যান্য সদস্য এবং নবনির্বাচিত বিধায়করা।

**উল্লেখ্য, ২৯৪ টির মধ্যে ফলতা বিধানসভা কেন্দ্রে নির্বাচন বাকি আছে। ২৯৩ টির মধ্যে ২০৭ টি আসনে বিজেপি, ৮০'টিতে তৃণমূল কংগ্রেস, CPIM-একটি, ISF-একটি, আমজনতা উন্নয়ন পার্টি- দুটি এবং কংগ্রেস দুটি আসনে জয় লাভ করেছে।**

*************************

রাজ্যে পালাবদলের পর আইনশৃঙ্খলা এবং পুরনো রাজনৈতিক হিংসার মামলাগুলি নিয়ে কড়া অবস্থান নিয়েছে পুলিশ। গতকাল পুলিশের অতিরিক্ত মহানির্দেশক-আইনশৃঙ্খলা, একটি নির্দেশিকা জারি করে রাজ্যের সমস্ত পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপার এবং রেল পুলিশের কর্তাদের একাধিক পদক্ষেপের নির্দেশ দিয়েছেন।

নির্দেশিকায় বলা হয়েছে, ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর রাজনৈতিক হিংসা সংক্রান্ত পুরনো মামলাগুলি নতুন করে খতিয়ে দেখতে হবে। যেসব ক্ষেত্রে চূড়ান্ত রিপোর্ট জমা পড়েছে, সেগুলিও পুনর্বিবেচনা করতে হবে। তদন্তে গাফিলতির অভিযোগ পাওয়া গেলে সেইসব মামলার ফের পূর্ণাঙ্গ তদন্তের'ও নির্দেশ দেওয়া হয়েছে। ২০২১ সালের ভোট-পরবর্তী হিংসা নিয়ে থানায় জমা পড়া জিডি এবং বিভিন্ন অভিযোগও আবার পরীক্ষা করে দেখার উল্লেখ'ও রয়েছে নির্দেশিকায়। প্রাথমিক

তদন্তে অপরাধের প্রমাণ মিললে নতুন মামলা দায়ের করতে হবে। এই সমস্ত তদন্ত ব্যক্তিগতভাবে তদারকি করবেন জেলা পুলিশ সুপার এবং পুলিশ কমিশনাররা।

একইসঙ্গে, সীমান্ত এলাকায় পাচার এবং অপরাধ দমনের ক্ষেত্রেও কড়া পদক্ষেপের নির্দেশ দেওয়া হয়েছে। নিয়মিত সীমান্ত বৈঠক করে সক্রিয় অপরাধী, সীমান্ত পাচারচক্র এবং গোয়েন্দা তথ্য আদানপ্রদানের উপর জোর দিতে বলা হয়েছে।

বেআইনি গবাদি পশুর হাট, কসাইখানা এবং অবৈধ খননকার্যের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নিতে বলা হয়েছে নির্দেশিকায়। একইসঙ্গে বৈধ পশু ব্যবসা এবং খননকার্যে স্থানীয় দুষ্কৃতী বা তোলাবাজদের হস্তক্ষেপ যাতে না থাকে, তা নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। পশুহত্যা নিয়ন্ত্রণ আইন কঠোরভাবে কার্যকর করার কথাও বলা হয়েছে।

রাজ্যের সমস্ত থানার মালখানায় থাকা অস্ত্র এবং গুলির ভাণ্ডার যাচাইয়ের নির্দেশ দেওয়া হয়েছে। ১৫'ইমে-র মধ্যে সমস্ত মালখানা পরীক্ষা করে নথির সঙ্গে মিলিয়ে দেখতে হবে। ১৬'ইমে থেকে পরবর্তী দু'সপ্তাহ ধরে অস্ত্র, গুলি এবং বিস্ফোরক উদ্ধারে বিশেষ অভিযানের  নির্দেশ দেওয়া হয়েছে।

ট্র্যাফিক ব্যবস্থাপনাকেও অগ্রাধিকার দিতে বলা হয়েছে। মোটরযান আইন মেনে হেলমেট ব্যবহার নিশ্চিত করতে বিশেষ অভিযান চালানোর নির্দেশ দিয়েছে রাজ্য পুলিশ। প্রশাসনিক মহলের মতে, নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই আইনশৃঙ্খলা এবং পুরনো রাজনৈতিক মামলাগুলি নিয়ে যে সক্রিয় অবস্থান নিয়েছে, এই নির্দেশিকা তারই স্পষ্ট ইঙ্গিত।

************************

নবান্ন সভাঘরে হতে চলা মুখ্যমন্ত্রীর বৈঠকে, সব দপ্তরকে আগামী ছ'মাস এবং পরবর্তী দুবছরের জন্য কি কি উন্নয়নমূলক পরিকল্পনা রয়েছে, তা' আজ'ই জানাতে হবে বলে মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে নির্দেশিকা জারি হয়েছে। বৈঠকে, ৪১টি দপ্তরের সচিব এবং ৫ জন করে বরিষ্ঠ আধিকারিককে উপস্থিত থাকতে হবে। প্রত্যেক সচিবকে সংশ্লিষ্ট দপ্তরের কাজের খতিয়ান পেশ ছাড়াও, কোন খাতে কত

টাকা বরাদ্দ করা হয়েছে, কোনও পরিকল্পনা বাস্তবায়ন করতে কী ধরণে সমস্যায় পড়তে হচ্ছে, তাও জানাতে বলা হয়েছে।

পাশাপাশি, রাজ্যের কর্মসংস্কৃতিতে বদল আনতে'ও কড়া নির্দেশিকা জারি করা হয়। সকাল ১০টা থেকে ১০টা ১৫ মিনিটের মধ্যে সরকারি সব দপ্তরের কর্মী, আধিকারিকদের হাজির হতে হবে। বিকেল পাঁচটা থেকে সওয়া পাঁচটার আগে দপ্তর ছাড়া যাবে না।

গতকাল অসম সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বাংলা, বিহার, ওড়িশা, অসম, ত্রিপুরা সহ রাজ্যগুলি যৌথভাবে প্রধানমন্ত্রীর পূর্বদয়ের বিকাশের স্বপ্ন পূরণ করবে। বাংলায় বিজেপির জয়ের জন্য, অসমের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে দলীয় কর্মীদের বিশেষ অবদানের কথাও উল্লেখ করেন। বর্তমান বিজেপি সরকার, অসম ও ত্রিপুরার মতো এরাজ্য থেকেও অনুপ্রবেশকারীদের বিতারিত করবে বলে জানান তিনি।

( বাইট- শুভেন্দু/ অসমে )

গতসন্ধ্যায় কলকাতায় ফিরে মুখ্যমন্ত্রী, ফলতা পুনর্নির্বাচন নিয়ে সল্টলেকে বিজেপি কার্যালয়ে সাংগঠনিক বৈঠক করেন।

*************************

রাজ্যের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে সদ্য দায়িত্ব প্রাপ্ত মুখ্য সচিব মনোজ আগরওয়াল গতকাল একাধিক দপ্তরের সচিবদের সঙ্গে বৈঠক করেছেন। নবান্নে আয়োজিত ওই বৈঠকে সুবিধাভোগীদের বর্তমান অবস্থা জানতে প্রয়োজনে ব্লক প্রশাসনের আধিকারিকদের সরাসরি তাদের বাড়ি পৌঁছে বিস্তারিত খোঁজখবর নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আধার কার্ড, ব্যাংক একাউন্টের তথ্য'ও খুঁটিয়ে পরীক্ষা করার কথা বলা হয়েছে। পাশাপাশি মুখ্য সচিব, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প রাজ্যে দ্রুত চালু করার জন্য সচিবদের উদ্যোগী হতে বলেছেন।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ দুপুর ২'টোয় নবান্ন সভাঘরে সব দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠকে বসবেন। এর আগে তিনি, রাজ্যে চালু থাকা সামাজিক সুরক্ষা প্রকল্পগুলিকে আরো স্বচ্ছতার সঙ্গে চালানোর কথা বলেছিলেন।

**************************

বিজেপি, রাজ্যে স্বাধীনভাবে ব্যবসা, বাণিজ্য এবং বিনিয়োগ করতে শিল্প সংস্থাগুলির কাছে আবেদন জানিয়েছে।

কলকাতায় গতকাল বণিক সভা 'বেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্সে'র এক অনুষ্ঠানে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে বিনিয়োগের আবহকে পরিকল্পিতভাবে ধ্বংস করা হয়েছে। এক সময় উত্তর প্রদেশ, বিহার, ওড়িশা থেকে মানুষ কাজের সন্ধানে এরাজ্যে আসত। বর্তমানে এরাজ্যের মানুষ ভিন রাজ্যে চলে যাচ্ছে। রাজ্যে প্রাকৃতিক সম্পদ, রেল ও সড়ক যোগাযোগ ব্যবস্থা, আন্তর্জাতিক সীমানা সবকিছু থাকা সত্ত্বেও সঠিকভাবে বিনিয়োগ আনা সম্ভব হয়নি বলে অভিযোগ করেন তিনি। শ্রী ভট্টাচার্য বলেন, বড় শিল্প ছাড়া পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ নেই এবং জমি নীতির পরিবর্তন না হলে শিল্প আসবে না।

( বাইট- শমীক/ শিল্প )

**************************

রাজ্যে নতুন সরকার গঠনের পর মুর্শিদাবাদ জেলার উন্নয়নে বিশেষ উদ্যোগ গ্রহণের আর্জি জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। বিনিয়োগ, ব্যাবসা ও পর্যটন ক্ষেত্রে মুর্শিদাবাদের যোগাযোগ বাড়াতে একটি বিমানবন্দর গড়ে তোলার কথা লেখেন তিনি। গঙ্গা নদী ভাঙ্গন রুখতে প্রয়োজনীয় ব্যবস্থার কথাও উল্লেখ করেছেন বহরমপুরের প্রাক্তন সাংসদ। পাশাপাশি জেলায় একটি রেল কোচ ফ্যাক্টরি গড়ার দাবিও জানিয়েছে অধীর বাবু ।

**************************

নিট ইউজি-২০২৬ বা মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষার প্রশ্ন ফাঁস কাণ্ডের তদন্তে রাজস্থান পুলিশের বিশেষ তদন্তকারী দল SOG, সন্দেহভাজন ১৫ জনকে আটক করেছে। কেন্দ্রীয় সরকার তদন্তভার CBI-কে দেওয়ার পর তারা একটি FIR দায়ের

করে। CBI -এর এই মামলায় ফৌজদারি চক্রান্ত, চৌর্যবৃত্তি, বিশ্বাসভঙ্গতা ও সাক্ষ্যপ্রমাণ নষ্ট করা সংক্রান্ত বিভিন্ন ধারা যুক্ত করা হয়েছে।
উল্লেখ্য, প্রশ্ন ফাঁসের অভিযোগে গত তেসরা মে-র মেডিকেলে ভর্তির নিট-ইউজি পরীক্ষা, আগেই বাতিলের সিদ্ধান্ত ঘোষিত হয়েছিল।

এদিকে, ন্যাশনাল টেস্টিং এজেন্সি- NTA এক বিবৃতিতে জানিয়েছে, সংশ্লিষ্ট পরীক্ষার পরিবর্তিত দিনক্ষণ, পরে ঘোষণা করা হবে। এর জন্য নতুন অ্যাডমিট কার্ড দেওয়া হলেও, এর জন্য পরীক্ষার্থীদের অতিরিক্ত কোন ফি দিতে হবে না। নতুন পরীক্ষার জন্য আলাদাভাবে রেজিস্ট্রেশন করারও দরকার হবে না।

এই পরীক্ষা বাতিলের ঘটনায় ডাক্তারদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম, উচ্চ পর্যায়ের বিচারবিভাগীয় তদন্তের দাবী জানিয়েছেন। সংগঠনের সাধারণ সম্পাদক ডক্টর সজল বিশ্বাস বলেন, এভাবে প্রশ্নপত্র ফাঁসের ফলে লক্ষ লক্ষ মেধাবী ছাত্রছাত্রীর ভবিষ্যত চূড়ান্ত অনিশ্চয়তার মধ্যে পড়লো।

*************************

গরু পাচারের অভিযোগে গতকাল বর্ধমান থানার পুলিশ, ১১ জোড়া বলদ সহ দুজনকে গ্রেপ্তার করেছে। গতকালই ধৃতদের বর্ধমান CJM আদালতে তোলা হলে, ১৭'ই মে পর্যন্ত বিচারবিভাগীয় হেফাজতে পাঠানো হয়।
ধৃত শেখ রফিকুল ইসলামের বাড়ি কাটোয়ার শ্রীখন্ডে এবং মিন্টু শেখ ন'ও পাড়ার বাসিন্দা।
পুলিশ সূত্রে জানা গেছে, কাটোয়া ওভার ব্রিজের দিকে যাওয়ার সময় পুলিশ তাদের আটক করলে, মালিকানা সংক্রান্ত বৈধ কোনো কাগজপত্র তারা দেখানে পারেনি। জিজ্ঞাসাবাদ করে জানা যায়, ঝাড়খন্ড থেকে অবৈধ বলদ এনে, বিক্রির জন্য তা' কাটোয়ায় নিয়ে যাওয়া হচ্ছিল।

*************************

নকশালবাড়ির রথখোলা এলাকায় অবৈধভাবে অনুপ্রবেশ করতে গিয়ে SSB-র জালে ৪ জন আটক হয়েছে। এদের মধ্যে দুজন থাইল্যান্ডের ও একজন নেপালের বাসিন্দা ও অপর জন ভারতীয়।

ধৃত নুসরা কিংওয়ান ও শাওনি চালাসিয়া থাইল্যান্ডের বাসিন্দা। অন্যদিকে শ্রেষ্ঠ ভরশালি নেপালের বাসিন্দা ও মহম্মদ সলেমান ভারতীয় বাসিন্দা। আটকদের হেফাজত থেকে একাধিক নথিপত্র উদ্ধারের পর অবৈধ অনুপ্রবেশের অভিযোগে এদের গ্রেফতার করে নকশালবাড়ি পুলিশের হাতে তুলে দেয় এসএসবি।

**************************

কলকাতার তিলজলা থানা এলাকার তোপসিয়ার একটি বহুতল আবাসেনে বিধ্বংসী অগ্নিকান্ডে গতকাল দুজনের মৃত্যু হয়েছে। গুরুতর জখম আরো পাঁচ জন। এদের মধ্যে তিনজনের অবস্থা সংকটজনক হওয়ায় মৃতের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

জানা গেছে, গতকাল দুপুরে আবাসনের ভেতর থাকা ব্যাগ তৈরীর ছোট কারখানায় ৩০ জন কাজ করছিলেন। সরু তারের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ থাকায় সেখান থেকেই আগুন ছড়িয়ে পড়ে। মৃত্যু হয় মহম্মদ হাসান ও রাজেশ নামে দুজনের। দমকলের পাঁচটি ইঞ্জিন, বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ঘটনাস্থলে গিয়ে মৃতদের পরিবারের পাশে দাঁড়ানোর বার্তা দেন। আহতদের দেখতে হাসপাতালে'ও যান তিনি। সি পি অজয় নন্দ'ও ঘটনাস্থল পরিদর্শন করেন।

এদিকে, এই ঘটনার তদন্তে রাজ্য সরকার একটি কমিটি গঠন করেছে। কলকাতা পুলিশ কমিশনার এর নেতৃত্বে চার সদস্যের এই কমিটিতে রয়েছেন, ক্ষুদ্র মাঝারি দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব, দমকল ও অগ্নি নির্বাপন দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব, কলকাতা মিউনিসিপাল কর্পোরেশনের কমিশনার। কিভাবে এই ঘটনা ঘটলো, তা' তদন্ত করে কমিটিকে আজ সকাল ১১'টার মধ্যে রিপোর্ট জমা দিতে হবে।

পাশাপাশি কলকাতা পুলিশকে দ্রুত স্বতঃপ্রণোদিতভাবে মামলা রুজু করার নির্দেশ’ও দেওয়া হয়েছে।

************************

রামদা দিয়ে স্ত্রীকে খুনের অভিযোগে বর্ধমানের রথতলা এলাকা থেকে সঞ্জয় পাল নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। বর্ধমান আদালতে গতকাল ধৃতের ৬’দিনের পুলিশ হেফাজত হয়।

জানা গেছে, হাওড়ার মালি পাঁচঘড়া থানা এলাকার বাসিন্দা সঞ্জয়-এর সঙ্গে ১৮ বছর আগে শিবানী দাসের বিয়ে হয়। তাঁদের ১৭ বছরের একটি কন্যা আছে।

জানা গেছে, বিয়ের কিছুদিন পর থেকেই টাকার জন্য শিবানীর উপর শ্বশুরবাড়ির লোক শারীরিক ও মানসিক নির্যাতন চালাতো। ছ’মাসের গর্ভাবস্থায় থাকাকালীন তিনি বাপের বাড়ি ফিরে এলেও, রেহাই মেলেনি। গতকাল বিকেলে সঞ্জয়, শ্বশুরবাড়িতে টাকা চাইতে এসেই স্ত্রীকে রাম দা নিয়ে কোপায়।

************************

মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বসু প্রয়াত। কলকাতা ময়দানে, টুটু বসু নামে পরিচিত এই ক্রীড়া প্রশাসক, গতকাল রাত ১২ টা নাগাদ দক্ষিণ কলকাতার একটি নার্সিংহোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭৮ বছর। বেশ কিছুদিন ধরেই তিনি নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন। সোমবারই তাঁকে নার্সিংহোমে ভর্তি করা হয়। তাঁকে দেখতে হাসপাতালে যান রাজ্যের ক্রীড়া মন্ত্রী নিশীথ প্রামাণিক, সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও তাঁর শারীরিক অবস্থার খোঁজ নেন।

১৯৯১ থেকে প্রায় তিন দশক মোহনবাগান ক্লাব প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন তিনি।

************************

IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। নব রায়পুরের শহীদ বীর নারায়ন সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১০ ম্যাচে ৯ পয়েন্ট সংগ্রহ করে KKR অষ্টম স্থানে রয়েছে। ১১ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে RCB রয়েছে পয়েন্ট তালিকার শীর্ষে ।

‘প্লে অফ’-এ যেতে হলে KKR-কে বাকি ম্যাচগুলি জিততে হবে।

******************************************************************